ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা-দ্বিতীয় পত্র : সৃজনশীল প্রশ্ন

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট পূর্ণমান — ৬০ বিষয় কোড: | ২ | ৭ | ৮ |

*[দ্রষ্টব্য : দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। মোট **ছয়টি** প্রশ্নের উত্তর দাও।]*

১ ▶ জনাব ফজলে রাব্বী একটি কোমল পানীয় উৎপাদনকারী প্রতিষ্ঠানের বিক্রয় বিভাগের প্রধান। প্রাতিষ্ঠানিক কাজের সুবিধার্থে গত আর্থিক বছরে তিনি তার অধীনস্থ ৫০ জন বিক্রয় কর্মকর্তাকে একটি করে সেলুলার ফোন এবং বিল বাবদ প্রতি মাসে প্রত্যেকের জন্য ২,০০০ (দুই হাজার) টাকা বরাদ্দ করেন। এতে প্রতিষ্ঠানের আর্থিক শৃঙ্খলা রক্ষা হলেও মাঝে মাঝে বরাদ্দকৃত অর্থে ফোন ব্যয় সংকুলান হয় না এমন কর্মকর্তাগণ বিরূপ আচরণ প্রকাশ করেন।

ক. নিয়ন্ত্রণ কী? ১

খ. ব্যবস্থাপনায় নিয়ন্ত্রণ কেন প্রয়োজন? ২

গ. জনাব ফজলে রাব্বি ফোন ব্যয় নিয়ন্ত্রণে কোন কৌশল অবলম্বন করেছেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে উদ্ভূত পরিস্থিতি মোকাবিলার জন্য কী ধরনের ব্যবস্থা গ্রহণ করা যায় বলে তুমি মনে করো? ৪

২ ▶ মি. হাসান তার কারখানার সিদ্ধান্ত গ্রহণে সকল স্তরের কর্মকর্তা ও কর্মচারীদের পরামর্শ গ্রহণ করেন। এতে কর্মীদের মধ্যে প্রশাসনের প্রতি ইতিবাচক ধারণা সৃষ্টি হয়। ফলে প্রতিষ্ঠানে উৎপাদন ক্রমাগত বৃদ্ধি পাচ্ছে। অপরদিকে মি. রাসেল তার কারখানায় সিদ্ধান্ত গ্রহণে কোনো কর্মীর পরামর্শ নেন না। তিনি একাই সিদ্ধান্ত গ্রহণ করেন এবং তা বাস্তবায়নে সবাইকে বাধ্য করেন। এতে প্রশাসনের প্রতি কর্মীদের অসন্তোষ বৃদ্ধি পাওয়ায় উৎপাদন ক্রমাগত হ্রাস পাচ্ছে।

ক. নেতৃত্ব কী? ১

খ. পরামর্শমূলক নির্দেশনা বলতে কী বোঝ? ২

গ. মি. হাসানের প্রতিষ্ঠানে কোন ধরনের নেতৃত্ব পরিলক্ষিত হয়? ব্যাখ্যা করো। ৩

ঘ. মি. হাসান অপেক্ষা মি. রাসেলের নেতৃত্বের ধরন দুর্বল_ তুমি কী বক্তব্যের সাথে একমত? মতের সপক্ষে যুক্তি দাও। ৪

৩ ▶ বিক্রয় বৃদ্ধির বিষয়ে গরিব এন্ড কোম্পানির মুখ্য কর্মকর্তা সদা সচেষ্ট। কর্মী নিয়োগে বিভিন্ন পরীক্ষা-নিরীক্ষা ও যাচাই-বাছাই করেন। এভাবে নিয়োগ পাওয়া মি. রফিক ও মি. সোবহান এখন কোম্পানির দুটি জোনের বিক্রয় ব্যবস্থাপক। উভয়ে যথাক্রমে ২০০৫ ও ২০০৬ সালে প্রতিষ্ঠানে যোগদান করলেও বিক্রয় টার্গেট পূরণে সক্ষমতার কারণে প্রতিষ্ঠান বিক্রয় ব্যবস্থাপক পদে মি. সোবহানকে পদোন্নতি দেয়। এ নিয়ে কিছুটা প্রশ্ন উঠলেও মুখ্য কর্মকর্তা তা শোনেননি।

ক. কর্মীসংস্থান কী? ১

খ. পদোন্নতি বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে কর্মী নিয়োগে যে সকল বিষয়ের কথা বলা হয়েছে তা কর্মীসংস্থান প্রক্রিয়ার কোন কাজ সম্পর্কিত? ব্যাখ্যা করো। ৩

ঘ. পদোন্নতি প্রদানে মুখ্য কর্মকর্তা যে পদ্ধতির ব্যবহার করেছেন তাতে প্রতিষ্ঠান উপকৃত হবে– এ বক্তব্যের যথার্থতা মূল্যায়ন করো। ৪

৪ ▶ মি. মল্লিক একটা নতুন শিল্প ইউনিটের ব্যবস্থাপক। তিনি তার শিল্প প্রতিষ্ঠানে যে সকল কাজ হবে তা চিহ্নিত করে তাকে প্রকৃতি অনুযায়ী কতগুলো প্রধান ভাগে ভাগ করেন এবং তার অধীনে বিভিন্ন উপবিভাগ প্রতিষ্ঠা করেন। অতঃপর যেখানে যে মানের জনশক্তি প্রয়োজন তা নিয়োগ দিয়ে তাদের দায়িত্ব-কর্তৃত্ব বুঝিয়ে দেন। শুধুমাত্র যোগ্য ব্যক্তিকেই যোগ্য স্থানে নিয়োগ নয় এর বাইরে অন্যান্য উপায়-উপকরণাদিকেও সঠিক স্থানে স্থাপন করেন। এতে কাজ চলাকালে তিনি সুবিধা পাচ্ছেন।

ক. বৈজ্ঞানিক ব্যবস্থাপনার জনক কে? ১

খ. প্রশাসন বলতে কী বোঝায়? ২

গ. মি. মল্লিক প্রথমত হেনরি ফেয়লের কোন নীতি অনুসরণ করেছেন তা ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে উল্লেখ্য পরবর্তী নীতির অনুসরণ যেকোনো প্রতিষ্ঠানের জন্যই কাম্য - উক্তিটি বিশ্লেষণ করো। ৪

৫ ▶ মিতালী এগ্রো লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক জনাব হিরণ বরিশাল বিভাগে কর্মীদের নির্দেশ দিয়েছেন মার্চ মাসে তাদের বিক্রয় ২০% বৃদ্ধি করতে হবে। বরিশাল বিভাগের কর্মীরা টার্গেট বাস্তবায়ন করতে পারবে না বলে জানায়। কারণ একমাসে এত বিক্রয় বৃদ্ধি সম্ভব নয়। বিষয়টি নিয়ে উচ্চ পর্যায়ের কর্মীরা এবং বরিশাল বিভাগের কর্মীরা একসাথে আলোচনা করে অনেক বিতর্কের পর লক্ষ্যমাত্রা ১১% নির্ধারণ করে।

ক. অভ্যন্তরীণ সমন্বয় কী? ১

খ. সমন্বয়সাধন ও নিয়ন্ত্রণ কীভাবে পরস্পর সম্পর্কযুক্ত? ২

গ. বিক্রয় বৃদ্ধি ১১% নির্ধারণে উর্ধ্বতন কর্মীরা সমন্বয়ের কোন কৌশলটি অবলম্বন করেছে? বর্ণনা করো। ৩

ঘ. জনাব হিরণের পূর্ববর্তী নির্দেশনা থেকে সরে আসা কী যৌক্তিক হয়েছে? উত্তরের সপক্ষে যুক্তি দেখাও। ৪

৬ ▶ আলাপনী টেলিকম ইন্ডাস্ট্রির উৎপাদন ব্যবস্থাপক হামিম সাহেব প্রতিষ্ঠানের লক্ষ্যমাত্রা নির্দেশিত ধারায় উৎপাদন কার্যক্রমকে পরিচালিত করেন। তার বিচক্ষণতা ও দূরদর্শিতার কারণে ২০০৫ সালে প্রতিষ্ঠিত এ প্রতিষ্ঠানটি বর্তমানে মার্কেট লিডারে পরিণত হয়েছে। উৎপাদন কার্যক্রম যাতে নির্বিঘ্নে পরিচালিনা করা যায় সেজন্য তিনি শ্রমঘণ্টা নির্দেশ করে দিয়েছেন। এছাড়া শ্রমিকদের যেকোনো সমস্যা সমাধানে তার রয়েছে একটি শ্রম কল্যাণ কমিটি। সম্প্রতি উৎপাদনের মান যাচাইয়ের জন্য তিনি একটি মান নিয়ন্ত্রণ দল প্রতিষ্ঠা করেন। এরা নিয়মিতভাবে উৎপাদনের শুরু থেকে পণ্য মজুদের পূর্ব পর্যন্ত প্রতিটি পণ্যের মান নিশ্চিতকরণ ও প্রয়োজনের যেকোনো সংশোধনমূলক ব্যবস্থা গ্রহণ করে থাকে।

ক. ব্যবস্থাপনা কী? ১

খ. বাংলাদেশে ব্যবস্থাপনাকে পেশা বলা যায় কী? ২

গ. হামিম সাহেব ব্যবস্থাপনার কোন স্তরে অবস্থান করছেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. সম্প্রতি সংযোজিত নতুন কার্যক্রমের ফলে উক্ত প্রতিষ্ঠানের উৎপাদনশীলতা বৃদ্ধি পাবে কী? তোমার মতামতের সপক্ষে যুক্তি দাও। ৪

৭ ▶ কল্পনা চাকমা প্রথম থেকে লেখাপড়ায় ভালো ও সম্ভাবনাময় একটা মেয়ে। স্থানীয় কলেজ থেকে ডিগ্রি পাস করেছে। বাবা-মায়ের তিন সন্তানের মধ্যে সে বড়। তার একটা চাকরির বড় প্রয়োজন। নইলে ছোট ভাই-বোনদের লেখাপড়া বন্ধ হয়ে যাবে। তাই সে স্থানীয় শিল্পপতি মি. চৌধুরীর সাথে দেখা করলো। চৌধুরী সাহেব সফল মানুষ। এলাকায় নিজ নামে শিক্ষা প্রতিষ্ঠানসহ নানান কিছু করছেন। কল্পনার সব কথা শুনে তিনি তার স্কুলে তাকে চাকরি দিলেন।

ক. উদ্দীপক কী? ১

খ. দ্বি-উপাদান তত্ত্বের প্রেষণামূলক উপাদান বলতে কী বোঝায়? ২

গ. কল্পনা চাকমার বর্তমান প্রয়োজন মাসলোর চাহিদা সোপান তত্ত্বের কোন পর্যায়ে রয়েছে তা ব্যাখ্যা করো। ৩

ঘ. মি. চৌধুরী চাহিদা সোপান তত্ত্বের যে পর্যায়ে রয়েছেন তাতে তার সমাজ হিতৈষী ভূমিকাই কাম্য – উক্তিটির যথার্থতা বিশ্লেষণ করো। ৪

৮ ▶ মুক্তা টেক্সটাইল মিলস কর্তৃপক্ষ তাদের উৎপাদন, বিক্রয় ও অর্থ বিভাগকে আগামী ৬ মাসের জন্য নিজ নিজ পরিকল্পনা গ্রহণের নির্দেশ দেয়। প্রত্যেকেই সংখ্যাত্মকভাবে তাদের পরিকল্পনা তৈরি করে এবং সমন্বিত একটা পরিকল্পনা তৈরি ও সংশোধন ছাড়াই যার যার পরিকল্পনা নিয়ে কাজ শুরু করে দেয়। এতে প্রথম ৩ মাসেই যথেষ্ট পণ্য গুদামে জমে যায়। এ সময়ে কাঁচামাল ক্রয়ের জন্য যে ফান্ড দেয়া হয় তাও অপর্যাপ্ত বলে অভিযোগ ওঠে। কর্তৃপক্ষ এ অবস্থায় ভীষণভাবে চিন্তিত।

ক. পরিকল্পনা কী? ১

খ. দীর্ঘমেয়াদি পরিকল্পনা বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকের তথ্য বিচারে প্রতিটা বিভাগের পেশকৃত পরিকল্পনার ধরন ব্যাখ্যা করো। ৩

ঘ. পুরো প্রতিষ্ঠান বিবেচনায় পরিকল্পনা প্রণীত হলে সমন্বয়ের বিষয়টি সহজ হতো– বক্তব্যের যথার্থতা বিশ্লেষণ করো। ৪

৯ ▶ মুহিত ফ্যাশনস লিমিটেড একটা বৃহদায়তন পোশাক উৎপাদনকারী প্রতিষ্ঠান। মি. মুহিত প্রতিষ্ঠানের কার্যাবলিকে প্রকৃতি অনুযায়ী বিভিন্ন ছোট ছোট ভাগে ভাগ করে তার দায়িত্ব সীমিত নির্বাহী কর্তৃক সহযোগে বিশেষজ্ঞ ব্যক্তিদের ওপর ন্যস্ত করেছেন। এতে বিভাগীয় প্রধানদের কার্যভারগ্রস্ত হওয়ার সুযোগ দেয়। কর্তৃত্ব চর্চার বিপদ থেকেও প্রতিষ্ঠানটি মুক্ত।

ক. ব্যবস্থাপনার কাম্য পরিসর কী? ১

খ. সংগঠনের কাম্য পরিসর নির্ণয়ের নীতি বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে মি. মুহিত যে কাজ করেছেন তা ব্যবস্থাপনার কোন কাজের সাথে সঙ্গতিপূর্ণ? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের সংগঠন কাঠামোটি সরলরৈখিক সংগঠন কাঠামোর অসুবিধা থেকে মুক্ত - এ বক্তব্য কী সমর্থনযোগ্য? মতের সপক্ষে যুক্তি দাও। ৪

Teachingbd.com

http://teachingbd.com

সময় — ৪০ মিনিট পূর্ণমান — ৪০

ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা দ্বিতীয়পত্র : বহুনির্বাচনি অভীক্ষা

বিষয় কোড : | ২ | ৭ | ৮ |

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]

১. কোন নেতৃত্বে নেতারা কর্মীদের কাছ থেকে দূরে থাকে?
ক গণতান্ত্রিক নেতৃত্বে খ লাগামহীন নেতৃত্বে
গ বিশেষজ্ঞ নেতৃত্বে ঘ স্বৈরতান্ত্রিক নেতৃত্বে

২. কার্যক্ষেত্রে উত্তম ফলাফল পাওয়া যায় —
i. প্রাতিষ্ঠানিক সকল কাজের দক্ষতা বৃদ্ধির মাধ্যমে
ii. কর্ম প্রয়াসকে কেন্দ্রীভূত করে কাজের গতিশীলতা বৃদ্ধির মাধ্যমে
iii. কর্মীদের জন্য যথাযথ প্রেষণার ব্যবস্থা করার মাধ্যমে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৩. কোন ধরনের নেতৃত্বে কর্মীর চেয়ে কর্মকে বেশি প্রাধান্য দেয় হয়?
ক স্বৈরতান্ত্রিক নেতৃত্বে খ বিশেষজ্ঞ নেতৃত্বে
গ কর্মকেন্দ্রিক নেতৃত্বে ঘ নেতিবাচক নেতৃত্বে

৪. নেতার পেশাগত গুণাবলি কোনটি?
ক দূরদর্শিতা খ বুদ্ধিমত্তা
গ সাংগঠনিক জ্ঞান ঘ সাহসিকতা

৫. সংগঠন একটি দেহের কোন অঙ্গতুল্য?
ক চোখ খ মস্তিষ্ক
গ বাহু ঘ বক্ষ

৬. যোগাযোগের দক্ষতা ব্যবস্থাপককে —
i. তার মতামত অধস্তনদের নিকট জ্ঞাত করতে হয়
ii. অধস্তনদের পরামর্শ গ্রহণ করতে হয়
iii. প্রতিষ্ঠানের ভিতর ও বাইরের পক্ষের সাথে যোগাযোগ স্থাপন করতে হয়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৭. ব্যবস্থাপনা নীতিসমূহ কীভাবে ব্যবহৃত হয়?
ক লিখিত খ সর্বজনীন
গ মৌখিক ঘ প্রায়োগিক

৮. কখন একজন কর্মী সুষ্ঠুভাবে কাজ সম্পাদন করতে ব্যর্থ হয়?
ক একজন নির্বাহী থাকলে
খ দু'জন নির্বাহী থাকলে
গ কেন্দ্রীকরণের ফলে ঘ সর্বজনীনতার ফলে

উদ্দীপকটি পড়ো এবং ৯-১০ নং প্রশ্নের উত্তর দাও।
মি. জমীর ব্যাংকের এম.ডি। তিনি কিছু শাখায় আর্থিক অনিয়মের অভিযোগ পাচ্ছেন। তিনি সংশ্লিষ্ট বিভাগকে প্রতিটা শাখার কাজ আরও সতর্কতার সাথে দেখতে বললেন।

৯. মি. জমীরের নির্দেশনা নিয়ন্ত্রণের কোন পদ্ধতির সাথে সঙ্গতিপূর্ণ?
ক বাজেটারি নিয়ন্ত্রণ খ অভ্যন্তরীণ নিরীক্ষা
গ ব্যক্তিগত পর্যবেক্ষণ ঘ আয়-ব্যয় বিশ্লেষণ

১০. মি. জমীরের এরূপ নির্দেশনার যে ফল হবে তা হলো —
i. ব্যাংক কর্মীদের সেবার মান বাড়বে
ii. ব্যাংক ম্যানেজাররা সতর্ক হবে
iii. জালিয়াতি ও প্রতারণার সম্ভাবনা কমবে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১১. গ্যান্ট চার্ট কীসের কৌশল?
ক পরিকল্পনা খ নিয়ন্ত্রণ
গ নির্দেশনা ঘ পরিকল্পনা ও নিয়ন্ত্রণ

১২. সমচ্ছেদ বিন্দু বলতে কী বুঝায়?
ক যে বিন্দুতে আয় বেশি
খ যে বিন্দুতে ব্যয় বেশি
গ যে বিন্দুতে খরচ ও ক্ষতি সমান
ঘ যে বিন্দুতে আয়-ব্যয় সমান

১৩. কোন ধরনের সংগঠন কাঠামোতে দ্বৈত অধীনতার সৃষ্টি হয়?
ক সরলরৈখিক
খ সরলরৈখিক ও পদস্থ কর্মী
গ কার্যভিত্তিক ঘ কমিটি

১৪. মেট্রিক্স সংগঠনের সুবিধা নিচের কোনটি?
ক ব্যয় হ্রাস খ নির্বাহীদের ক্ষমতা বৃদ্ধি
গ সহযোগিতার উন্নয়ন ঘ দ্বন্দ্বের সম্ভাবনা হ্রাস

১৫. করিম এন্ড সন্সের প্রতিটি বিভাগ ও উপ-বিভাগের কাজগুলো বিভক্ত রয়েছে। এতে সবাই সমান হারে কাজ করে এবং কোনো কর্মীকে অত্যাধিক কাজ করতে হয় না। এটি সংগঠনের কোন নীতির বহিঃপ্রকাশ?
ক সমতা খ উদ্দেশ্য
গ ভারসাম্য ঘ কার্যবিভাজন

১৬. প্রতিষ্ঠানের সম্প্রসারণ ও সহজ পরিবর্তন কোনটির ওপর নির্ভরশীল?
ক পরিকল্পনা খ উদ্যোক্তা
গ সংগঠন ঘ নেতৃত্ব

উদ্দীপকটি পড়ো এবং ১৭-১৮ নং প্রশ্নের উত্তর দাও।
সান কেমিক্যালসের বিক্রয় ব্যবস্থাপনা বিভাগের পাঁচজন কর্মী পূর্বে পৃথকভাবে কাজ করতো। কিন্তু বর্তমানে বিক্রয় ব্যবস্থাপক তাদের জন্য সমন্বিত লক্ষ্যমাত্রা হিসেবে তিনজনের জন্য মাসিক ৩ কোটি টাকার বিক্রয় লক্ষ্যমাত্রা নির্ধারণ করেন।

১৭. উদ্দীপকের বিক্রয় ব্যবস্থাপক কীসের ওপর গুরুত্ব দিয়েছেন?
ক উৎপাদনশীলতা বৃদ্ধি
খ দলীয় প্রচেষ্টা জোরদারকরণ
গ ব্যবস্থাপকীয় কাজে যোগসূত্র স্থাপন
ঘ সম্পদের সর্বোচ্চ ব্যবহার

১৮. উল্লিখিত বৈশিষ্ট্যের ওপর গুরুত্ব দেয়ার কারণ —
i. কার্য সম্পাদনের পরিমাণ বৃদ্ধি করা
ii. কাজের প্রতি কর্মীদের আন্তরিকতা বৃদ্ধি করা
iii. অনুকূল কার্য পরিবেশ সৃষ্টি
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১৯. দলগত মনোভাবের নীতি প্রয়োগের ফলে —
i. সুষ্ঠু সমন্বয়ের মাধ্যমে শৃঙ্খলা নিশ্চিত হয়
ii. পারস্পরিক সহযোগিতা ও সমঝোতা বৃদ্ধি পায়
iii. জটিল কাজ সহজে সম্পাদন করা যায়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

২০. সমন্বয়সাধন কোনটির আওতাভুক্ত?
ক অভ্যন্তরীণ কার্যাবলির খ বাহ্যিক কার্যাবলির
গ অর্থনৈতিক কার্যাবলির ঘ উত্তম কার্যাবলির

২১. যোগাযোগ ব্যবসায়ের কাজে কী বৃদ্ধি করে?
ক গ্রহণযোগ্যতা খ শৃঙ্খলা
গ সম্পৃক্ততা ঘ দক্ষতা

২২. ব্যবসায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তির সবচেয়ে বড় অবদান কোনটি?
ক কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি
খ ব্যবস্থাপকদের উৎসাহ বৃদ্ধি
গ কাজের গতি ও দক্ষতা বৃদ্ধি
ঘ তথ্য প্রাপ্তি

২৩. কীসের মাধ্যমে ব্যবস্থাপক তার কর্মচারীকে নির্দেশ প্রদান করে?
ক যোগাযোগ খ অর্থ
গ প্রশিক্ষণ ঘ সংগঠন

২৪. কোন ধরনের যোগাযোগের ফলে প্রতিষ্ঠানের লোকজনের মধ্যে ঘনিষ্ঠতা বৃদ্ধি পায়?
ক আনুষ্ঠানিক যোগাযোগ
খ অনানুষ্ঠানিক যোগাযোগ
গ উলম্ব যোগাযোগ
ঘ সমান্তরাল যোগাযোগ

২৫. প্রশিক্ষণের মাধ্যমে প্রধানত নিচের কোনটি বাড়ে?
ক শিক্ষা খ দক্ষতা
গ মনোবল ঘ কার্য সন্তুষ্টি

উদ্দীপকটি পড়ো এবং ২৬-২৭ নং প্রশ্নের উত্তর দাও।
এবি ফার্মার মৌখিক পরীক্ষায় একজন চাকরি প্রার্থীকে জিজ্ঞাসা করা হয়, যদি কোনো কারণে তাৎক্ষণিক তার চাকরির অবসান ঘটে তা হলে সে কী করবে।

২৬. এবি ফার্মা প্রার্থীর কোন ধরনের পরীক্ষা গ্রহণ করেছে?
ক আগ্রহ খ সাফল্য
গ ব্যক্তিত্ব ঘ বুদ্ধিমত্তা

২৭. উক্ত পরীক্ষার মাধ্যমে —
i. কর্মীর পরিস্থিতি মোকাবিলার ক্ষমতা সম্পর্কে জানা যায়
ii. কর্মীর এ গুণাবলি প্রতিষ্ঠানের স্বার্থের সাথে সংশ্লিষ্ট
iii. কর্মীর চিন্তার গভীরতা সম্পর্কে জানা সম্ভব হয়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

২৮. কোনটি প্রতিষ্ঠান পরিচালনার জন্য সবচেয়ে গুরুত্বপূর্ণ?
ক মূলধন খ যন্ত্রপাতি
গ মানব সম্পদ ঘ ভূমি

২৯. কর্মীদের পদোন্নতির সাথে কোনটি জড়িত?
ক চিকিৎসা ভাতা খ আর্থিক সুবিধা
গ পরিবহন ভাতা ঘ উত্তম ব্যবহার

৩০. পদোন্নতি কোন ধরনের প্রেষণা?
ক ইতিবাচক খ নেতিবাচক
গ আর্থিক ঘ অনার্থিক

৩১. নিচের কোনটি দ্বি-উপাদান তত্ত্বের প্রেষণামূলক উপাদানের মধ্যে পড়ে?
ক বেতন খ পদমর্যাদা
গ চাকরির নিরাপত্তা ঘ সৃষ্টিধর্মী কাজ

৩২. কোনটি ব্যক্তির আচরণের চালিকাশক্তি?
ক যোগাযোগ খ নির্দেশনা
গ প্রেষণা ঘ নিয়ন্ত্রণ

উদ্দীপকটি পড়ো এবং ৩৩-৩৪ নং প্রশ্নের উত্তর দাও।
মিনা দ্বাদশ শ্রেণির ছাত্রী। সে রাতে ক্লাসের পড়া শেষ করে পরের দিনের কর্মসূচি ডায়রিতে লিখে রাখে। রুটিন মতো সে কলেজে যায়। মনোযোগ দিয়ে শিক্ষকের পড়া শোনে। বিকেলে বাড়ি ফিরেও পূর্বের রুটিন অনুসারে চলে। এভাবে মিনা সময়মতো প্রতিদিনের পড়া শেষ করে।

৩৩. উদ্দীপকের মিনার মধ্যে ব্যবস্থাপনার কোন কার্যাবলির প্রতিফলন ঘটেছে?
ক পরিকল্পনার খ নেতৃত্বের
গ নির্দেশনার ঘ প্রেষণার

৩৪. ডায়রিতে লেখা সময় অনুযায়ী কার্য সম্পাদন দ্বারা মিনা —
i. সুনির্দিষ্ট লক্ষ্য অর্জনে সক্ষম হবে
ii. দ্রুত পরীক্ষা দিতে পারবে
iii. মানসিকভাবে স্বাচ্ছন্দ্য থাকতে পারবে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৩৫. পরিকল্পনা প্রণেতাকে কর্মসূচি প্রণয়ন করতে হয় —
i. তথ্য সংগ্রহের মাধ্যমে ii. বিশ্লেষণপূর্বক
iii. পূর্বানুমানের ভিত্তিতে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৩৬. ভবিষ্যৎ কাঙ্ক্ষিত ফলাফল অর্জনের জন্য কোন পরিকল্পনা প্রণীত হয়?
ক উদ্দেশ্য খ লক্ষ্য
গ প্রকল্প ঘ কর্মসূচি

৩৭. কোম্পানিতে প্রশাসকগণ কাদের নিকট জবাবদিহি করেন?
ক ব্যবস্থাপক খ পরিচালক
গ সংগঠক ঘ শেয়ারহোল্ডার

৩৮. কোনটি ব্যবস্থাপনার প্রতিটি কাজের সাথে পরিব্যাপ্ত?
ক দক্ষতা খ যোগাযোগ
গ ক্ষমতা ঘ আগ্রহ

৩৯. ব্যবস্থাপনার আওতাভুক্ত ক্ষেত্র কয়টি?
ক ৬টি খ ৭টি
গ ১০টি ঘ ১২টি

৪০. প্রতিষ্ঠানের অস্তিত্ব কীসের ওপর নির্ভর করে?
ক বিনিয়োগের ওপর খ দক্ষ শ্রমিকের ওপর
গ সঠিক পরিকল্পনার ওপর
ঘ অধিক মুনাফা অর্জনের ওপর

উত্তরমালা

১	খ	২	ক	৩	গ	৪	গ	৫	গ	৬	ঘ	৭	খ	৮	ক	৯	খ	১০	গ	১১	ঘ	১২	ঘ	১৩	গ	১৪	গ	১৫	গ	১৬	গ	১৭	খ	১৮	ক	১৯	গ	২০	খ
২১	খ	২২	গ	২৩	ক	২৪	খ	২৫	খ	২৬	ঘ	২৭	ঘ	২৮	গ	২৯	খ	৩০	গ	৩১	গ	৩২	গ	৩৩	ক	৩৪	খ	৩৫	ঘ	৩৬	খ	৩৭	ঘ	৩৮	খ	৩৯	ক	৪০	গ

teachingbd.com